দৈনিক বাংলা

তারিখ ... 29 JUL 1988 ...
পৃষ্ঠা ... কলাম ...

031

# চট্টগ্রাম ভার্সিটির বি কম পরীক্ষার ফল প্রকাশ

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম ২৭শে জুলাই।—গত শুক্রবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৮৭ সালের বিকম পরীক্ষার ফল প্রকাশিত হয়। এ পরীক্ষায় পাসের হার ২৮ দশমিক এক শতাংশ।

সাত হাজার ৮৬ জন নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে এক শ ৫৬ জন দ্বিতীয় বিভাগে ও এক হাজার নয় শ ৫১ জন তৃতীয় বিভাগে পাস করেছেন।

এ পরীক্ষায় এগারটি কলেজ থেকে কোন পরীক্ষার্থী উত্তীর্ণ হননি। এই কলেজগুলো হচ্ছেঃ রাঙামাটি সরকারী কলেজ চাটখিল কলেজ পাঁচগাঁও কলেজ, কাফিলউদ্দিন কলেজ, বদিউল আলম কলেজ হাসানপুর কলেজ নওয়াবপুর কলেজ ফরিদগঞ্জ কলেজ, ঢাকা দক্ষিণ কলেজ চুনারুঘাট কলেজ ও মীরের সরাই কলেজ।

কক্সবাজার সরকারী কলেজ থেকে সবচেয়ে বেশী পরীক্ষার্থী পাস করেন। এই কলেজে পাসের হার ৪৭ দশমিক ৮ শতাংশ।